



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbf.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র 'জাতীয় শুদ্ধাচার কৌশল' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন



১৮ ডিসেম্বর বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) প্রশিক্ষণ কেন্দ্রে কর্পোরেশনের প্রিন্সিপাল অফিসার ও নির্বাহী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাদের জন্য আয়োজিত 'জাতীয় শুদ্ধাচার কৌশল' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে এ কোর্সের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দিদার মোঃ আবদুর রব। এতে সভাপতিত্ব করেন কর্পোরেশনের মহাব্যবস্থাপক (মহাবিভাগ-১) ড. দৌলতুন্নাহার খানম। মোঃ জাহিদুল হক, মহাব্যবস্থাপক (মহাবিভাগ-৩) সহ বিভিন্ন বিভাগের উপ-মহাব্যবস্থাপকবৃন্দ ও উর্ধ্বতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' যথাযথভাবে প্রয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানের প্রতিটি কার্যে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হয়।